



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৭-২০১৮/১৯৭৪

তারিখঃ ১১/০৭/২০১৮

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে কোর্স ভিত্তিক বিষয় কোড এন্ট্রির সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৭-২০১৮/১৯৪৬ তারিখঃ ১৭/০৫/২০১৮ এর অনুবৃত্তিক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল অধিভুক্ত কলেজের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট কোর্সে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থীদের কলেজ কর্তৃক অনলাইনে কোর্স ভিত্তিক বিষয় কোড এন্ট্রি দিতে পারেনি সে সকল কলেজকে আগামী ১২/০৭/২০১৮ থেকে ৩১/০৭/২০১৮ তারিখের মধ্যে কোর্স ভিত্তিক বিষয় কোড এন্ট্রি সম্পন্ন করতে হবে। অন্যথায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা সম্ভব হবে না।

এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) College Login করে admission subject code entry (degp.) /admission subject code entry (degp. private) অপশনে শিক্ষার্থীদের কোর্স ভিত্তিক পেপার কোড এন্ট্রি দিতে হবে।

ইতোমধ্যে যে সকল কলেজ শিক্ষার্থীদের অনলাইনে কোর্স ভিত্তিক বিষয় কোড এন্ট্রির কাজ সমাপন করেছেন তাদের পুনরায় এন্ট্রি দেয়ার প্রয়োজন নেই। তবে ভুল বিষয় কোড সংশোধন করতে পারবেন।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়।
Email:-degpassnu@gmail.com

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৭-২০১৮/১৯৭৪

তারিখঃ ১১/০৭/২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়, (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৫। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।

মোঃ কামরুল ইসলাম
উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়